গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
আইন-১ শাখা
পরিবহন পুল ভবন (১২ তলা)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.mopa.gov.bd

স্মারক নং-০৫.০০.০০০০.১৯০.১৬.০৩৪.২১-২১০

তারিখ: ২০ আশ্বিন, ১৪২৮
০৫ অক্টোবর, ২০২১

# জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

মহামান্য সুপ্রিম কোর্ট অব বাংলাদেশ এর আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগসহ দেশের বিভিন্ন আদালতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্বার্থ সংশ্লিষ্ট মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতার জন্য প্যানেল আইনজীবী তালিকাভুক্তির লক্ষ্যে আগ্রহী বিজ্ঞ আইনজীবীগণের নিকট হতে নিম্নেবর্ণিত শর্তে প্রস্তাব/আবেদন আহবান করা যাচ্ছে।

**শর্তাবলি:**

| | |
|---|---|
| ১. | প্যানেল আইনজীবীগণ জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর সংস্থাসমূহের সংশ্লিষ্ট বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা (পক্ষে/বিপক্ষে) পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা করবেন এবং চুক্তির শর্ত অনুসারে সরকার কর্তৃক অনুমোদিত হারে শুধুমাত্র মামলা পরিচালনা/অর্পিত দায়িত্ব পালনের জন্য ফি/সম্মানী/খরচ সম্মানী প্রাপ্য হবেন তবে নিয়মিতভাবে কোন দৈনিক/সাপ্তাহিক/মাসিক/বার্ষিক কোন বেতন বা ভাতা প্রাপ্য হবেন না। বিস্তারিত শর্তাবলীর কপি জনপ্রশাসন মন্ত্রণালয়ের আইন-১ শাখা হতে সংগ্রহ করা যাবে। সকল প্রকার ফি/সম্মানী/ খরচ হতে বিধি মোতাবেক সকল কর্তন নিশ্চিত করা হবে। |
| ২. | জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্বার্থ আছে এমন মামলায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না। |
| ৩. | নিয়োজিত মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে নির্দিষ্ট 'ছকে' নির্ধারিত তারিখের মধ্যেই সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর দাখিল করতে হবে। |
| ৪. | মামলায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিপক্ষে রায় হলে জরুরী ভিত্তিতে পরবর্তী করনীয় বিষয়ে লিখিতভাবে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর অবহিত করতে হবে। |
| ৫. | অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে আবেদনে তা উল্লেখ করতে হবে; |
| ৬. | হাইকোর্ট বিভাগে এ্যাডভোকেট হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আপিল বিভাগে মামলা পরিচালনার অনুমতি থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। DAG/AAG হিসেবে অভিজ্ঞতা থাকলে বিজ্ঞ এ্যাটর্নী জেনারেলের দপ্তর থেকে অভিজ্ঞতার সনদ আবেদনে সংযুক্ত করতে হবে; |
| ৭. | প্রাথমিকভাবে ০৩ (তিন) বছরের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ করা হবে। |
| ৮. | মনোনীত বিজ্ঞ আইনজীবী দায়িত্ব হতে অব্যাহতি গ্রহণ করতে চাইলে সেক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে। |
| ৯. | কোন প্যানেল আইনজীবীর পেশাগত কার্যক্রম সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাঁকে প্যানেল বহির্ভূত রাখার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। |
| ১০. | নিয়োগের শর্তাবলি চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে। |
| ১১. | কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন/প্রস্তাব গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। |

৩.২১

| প্রস্তাব/আবেদনের সাথে নিম্নে উল্লিখিত তথ্যাদি/কাগজপত্রাদি দাখিল করতে হবে: | |
|---|---|
| ১. | আবেদনকারীর নাম, মাতা ও পিতার নাম, প্রযোজ্য ক্ষেত্রে স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, কর্মস্থল/চেম্বারের ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, বয়স, ফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডিসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত আবেদনে উল্লেখ করতে হবে; |
| ২. | আবেদনকারীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাস করতে হবে; |
| ৩. | আবেদনপত্রের সাথে (১) সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, (২) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, (৩) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি (এসএসসি/সমমান এইচএসসি/সমমান ও স্নাতক/সমমান পরীক্ষাসহ আইনের ডিগ্রী অর্জনের সনদের সত্যায়িত কপি), (৪) বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত সকল পেশাগত সনদের সত্যায়িত কপি এবং (৫) অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। |
| ৪. | আবেদন/প্রস্তাব আগামী ১৫ নভেম্বর ২০২১ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে সরাসরি/ডাকযোগে নিম্নের ঠিকানায় পৌঁছানো নিশ্চিত করতে হবে।<br><br>আবেদন/প্রস্তাব দাখিল/প্রেরণের ঠিকানা:<br><br>সিনিয়র সচিব<br>জনপ্রশাসন মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়<br>ঢাকা-১০০০। |

৫/১০/২০২১

(কাজী মোহাম্মদ চাহেল তস্তরী)
উপসচিব (আইন-১)
ও
সদস্য সচিব
প্যানেল আইনজীবী তালিকাভুক্তিকরণ কমিটি
জনপ্রশাসন মন্ত্রণালয়।